

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

## গণবিজ্ঞপ্তি

### প্রতারক হতে সাবধান

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর ও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন, সরকারিকরণ, এম.পি.ও.ভুক্তকরণ, পাঠদান, কাডেমিক স্বীকৃতি, শ্রেণি/শাখা খোলা, বিষয় ও বিভাগ খোলা এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার মিথ্যা আশ্বাস/লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন, ই-মেইল, এস.এম.এস. করে বিকাশ, রকেটসহ বিভিন্ন মাধ্যমে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে অধ্যক্ষ/প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের নিকট ব্যক্তিগতভাবেও যোগাযোগ করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের কোন সাজে টাকা প্রদানের প্রয়োজন নেই। শিক্ষা মন্ত্রণালয় সুনির্দিষ্ট বিধি-বিধানের ভিত্তিতে সেবা প্রদান করে থাকে, তা দর বিনিময়ে কোন কিছুই হওয়ার সুযোগ নেই। মন্ত্রণালয়ের কার্যক্রমের সকল তথ্যাদি মন্ত্রণালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন কোন দপ্তর ও প্রতিষ্ঠানের কথিত কর্মকর্তা কর্তৃক ই-মেইল, এস.এম.এস., ফোন, চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন টাকা না দেয়ার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো। তা ছাড়া সরকারি কোন ফি বিকাশ বা রকেটসহ এ জাতীয় কোন মাধ্যমে কখনো গ্রহণ করা হয় না। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা দাবী করলেই বুঝবেন এটা প্রতারণা। সাথে সাথেই এ ধরনের প্রতারকদের পুলিশে সোপর্দ করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

মোঃ হোসেন

১৩.০৩.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং: ওএম-০১-ম/২০১৫/১০৭২(১০)

তারিখ: ১৩/০৩/২০১৯ খ্রি:

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, (সকল)।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ০৪। পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।
- ০৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)।
- ০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, (সকল)।
- ০৯। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১০। সংরক্ষণ নথি।

১৩/৩/১৯  
(প্রফেসর ড. মোঃ আবদুল মান্নান)  
পরিচালক (মাধ্যমিক)

ফোন: ৯৫৫৪৫৬৫